

■■ পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় - ঈশ্বর ও নবীগণ বিষয়ক অশোভনীয়তা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৬. ১. ৩. ৪. বিনা অপরাধে ত্রিশ জন মানুষ হত্যার ব্যবস্থা

ঈশ্বর বিনা অপরাধে ত্রিশ জন মানুষের হত্যার ব্যবস্থা করলেন। শিমশোন বা হযরত শামাউন (Samson) বিবাহের সময় ত্রিশ জন সঙ্গীকে বাজি ধরলেন ত্রিশ সেট পোশাক দেওয়ার জন্য। স্ত্রীর কারণে বাজিতে হেরে গেলেন। "তখন ঈশ্বরের আত্মা বা মাবুদের রূহ (The Spirit of God) পূর্ণ শক্তিতে শামাউনের উপর আসলেন। তিনি অস্কিলোনে গিয়ে সেখানকার ত্রিশজন লোককে হত্যা করে তাদের সব কিছু লুটে নিলেন এবং তাদের কাপড়চোপড় নিয়ে যারা ধাঁধার জবাব দিয়েছিল তাদের দিলেন।" (বিচারকর্তৃগণ/ কাজীগণ ১৪/১১-২০, বা-২০০০, মো.-০৬) ঈশ্বরের আত্মা বা পবিত্র আত্মা তাহলে কী করলেন? ঈশ্বরের প্রিয় ভাববাদী ও বীর হযরত শমউনকে দিয়ে ত্রিশ জন নিরপরাধ নিরন্ত্র মানুষকে খুন করিয়ে, তাদের সর্বস্থ লুট করলেন, হযরত শামউনের জুয়াড়ি বাজির ঋণ শোধ করার জন্য!

Source — https://www.hadithbd.com/books/link/?id=14256

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন